**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 11-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যান মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত এক সমৃদ্ধ, বিকশিত, শক্তিশালী দেশ হিসাবে পরিগনিত হচ্ছে।**
**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, ভালো দন্ত চিকিৎসক হতে হলে এনাটমি, ওরাল সার্জারি, ওরাল প্যাথোলোজি বিষয়ে ভালোভাবে অভিজ্ঞতা অর্জন করতে হবে।**
**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ই ফেব্রুয়ারি আসাম সফরে যাবেন এবং বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধন করবেন।**
**(৪) জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় আসামের কোকড়াঝাড় জেলার গ্লোবাল F.C দল জয়লাভ করেছে।**

****************************************

**Central Agriculture Minister :**

কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যান মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত এক সমৃদ্ধ, বিকশিত, শক্তিশালী দেশ হিসাবে পরিগনিত হচ্ছে। এই লক্ষ্যে গ্রামীন জনগোষ্ঠীর জন্য নতুন ভিবি জি রাম জি আইন এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আজ আগরতলার বিবেকানন্দ ময়দানে বিকশিত ভারত – জি রাম জি আইন ২০২৫ প্রনয়ন উপলক্ষে জনপ্রতিনিধি সম্মেলন, বিভিন্ন গ্রামোন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও লাভার্থী সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। কেন্দ্রীয় মন্ত্রী অনুষ্ঠানে গ্রামোন্নয়নে বেশ কিছু প্রকল্পের উদ্বোধন করেন ও লাভার্থী সম্মাননা প্রদান করেন। তাছাড়া গ্রামীন এলাকায় প্রধানমন্ত্রী আবাস

যোজনায় ঘর পাওয়া বেশ কিছু পরিবারের হাতে ঘরের চাবি এবং বিভিন্ন স্বসহায়ক গোষ্ঠীকে ব্যাংক ঋণ পত্র তুলে দেন।

কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন, কৃষি ও কৃষক কল্যান মন্ত্রী বলেন, বিকশিত ভারত – গ্যারান্টি ফর রোজগার এন্ড আজিবিকা মিশন গ্রামীন, ভি বি জি রাম জি আইন হল রোজগারের গ্যারান্টি। নতুন এই আইনে গ্রামীন এলাকার জনগোষ্ঠীর জন্য ১২৫ দিনের কাজের গ্যারান্টি দেওয়া হয়েছে। যদি কাজের সংস্থান করা না যায় তবে ভাতা নিশ্চিত করা হয়েছে। এই আইন গ্রামীন এলাকার সব জনগোষ্ঠীর কল্যানে আনা হয়েছে। এস সি, এস টি, মহিলা, কৃষক সবার স্বার্থের দিকে লক্ষ্য রেখে আনা এই আইন। প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনে ত্রিপুরা সারা দেশে উল্লেখ যোগ্য সাফল্য অর্জন করেছে বলে উল্লেখ করে কেন্দ্রীয় মন্ত্রী বলেন আবাস যোজনায় ত্রিপুরা ৯৯ শতাংশ লক্ষ্য মাত্রা অর্জন করেছে। তাছাড়া প্রধানমন্ত্রী গ্রামীন সড়ক যোজনা, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনাতেও ত্রিপুরা উল্লেখ যোগ্য সাফল্য অর্জন করেছে বলে তিনি উল্লেখ করেন।

#####Byte- Shivraj Singh Chouhan#####

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌহান বলেন, রাজ্যের কৃষি ব্যবস্থার উন্নয়নে ও কৃষকদের আয় বাড়ানোর জন্য কি কি করা যেতে পারে, এখানকার মাটিতে আর কি চাষ হতে পারে মাটির গুনাগুন যাচাই ইত্যাদি খতিয়ে দেখতে কৃষি বিজ্ঞানি ও কৃষিবিশেষজ্ঞদের নিয়ে কেন্দ্রীয় সরকারের একটি টিম ত্রিপুরায় পাঠানো হবে, তারা তা খতিয়ে দেখে রিপোর্ট পেশ করবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ভি বি জি রাম জি নিয়ে দেশের বিরোধী দলগুলোর পক্ষ থেকে যে আপত্তি তোলার চেষ্টা হচ্ছে তার সমালোচনা করেন। তিনি এই আইনকে রোজগারের গ্যারান্টি ও গ্রামীন এলাকায় পরিকাঠামো গড়ে তুলতে প্রযুক্তি নির্ভর এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসাবে উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পঞ্চায়েত মন্ত্রী কিশোর বর্মন, রাজ্য সরকারের গ্রামোন্নয়ন দপ্তরের সচিব অভিষেক সিং। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্য মন্ত্রিসভার সদস্য প্রনজিত সিংহরায়, সান্ত্বনা চাকমা, সুশান্ত চৌধুরী, টিংকু রায়, সুধাংশু দাস, সাংসদ বিপ্লব কুমার দেব, বিধায়কগণ

ও ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচিত জনপ্রতিনিধিগণ। অনুষ্ঠানের পর মঞ্চেই কেন্দ্রীয় মন্ত্রী সাংবাদিক সম্মেলনে ভি বি জি রাম জি আইনে উপকারিতা সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন এবং ত্রিপুরায় গ্রামীণ এলাকার উন্নয়নে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সাফল্যের জন্যে রাজ্য সরকারের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন।

কেন্দ্রীয় মন্ত্রী আজ বিকেলে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরে পূজা দিয়েছেন। সঙ্গে উপস্থিত ছিলেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন, শিল্প ও বানিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। তিনি মাতাবাড়ি প্রসাদ প্রকল্পের মাধ্যমে সেজে ওঠা মন্দির চত্বর পরিদর্শন করেন। সংবাদ মাধ্যমকে তিনি বলেন, দেশবাসীর মঙ্গল ও সমৃদ্ধির কামনায় তিনি আজ মাতা ত্রিপুরা সুন্দরীর কাছে প্রার্থনা করেছেন।

*************************

**CM-Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ভালো দন্ত চিকিৎসক হতে হলে এনাটমি, ওরাল সার্জারি, ওরাল প্যাথোলোজি বিষয়ে ভালোভাবে অভিজ্ঞতা অর্জন করতে হবে। তাছাড়াও একটা ক্লিনিক্যাল আই থাকতে হবে। আজ আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ এবং আইজিএম হাসপাতালের উদ্যোগে ২০২৩-২৪ এবং ২০২৪-২৫ বর্ষের নবাগত ছাত্রছাত্রীদের নবীনবরণ উৎসব 'সিনারজি' ১০ অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। বর্তমানে রাজ্যে গভর্নমেন্ট ডেন্টাল কলেজে বিডিএস কোর্স করার ৬৩টি আসন রয়েছে। রাজ্য সরকার আগরতলার গভর্নমেন্ট ডেন্টাল কলেজকে দেশের অন্যতম শ্রেষ্ঠ ডেন্টাল কলেজের পরিণত করতে চায়। এই কলেজের শিক্ষার পরিকাঠামো বৃদ্ধিতে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় পিএম ডিভাইন প্রকল্পের মাধ্যমে ২০২ কোটি টাকা ব্যয়ে নতুন ভবন নির্মাণের কাজ চলছে। বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের সচিব কিরণ গিত্যে, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. দেবশ্রী দেববর্মা।

*****************************

**Paddy Procurement :**

খাদ্য দপ্তরের উদ্যোগে ও কৃষি দপ্তরের সহযোগিতায় তেলিয়ামুড়া এগ্রি রেগুলেটরি মার্কেট প্রাঙ্গণে আজ কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনা শুরু হয়েছে। তা চলবে আগামী ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত। ২০২৫-২০২৬ খারিফ মরশুমে প্রতি কেজি ধানের সহায়ক মূল্য নির্ধারণ করা হয়েছে ২৩ টাকা ৬৯ পয়সা। তেলিয়ামুড়া কৃষি মহকুমার অন্তর্গত কৃষকদের কাছ থেকে এই কেন্দ্রে ধান সংগ্রহ করা হবে। দুই দিনে মোট ২৩০ মেট্রিক টন ধান সহায়ক মূল্যে ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। আজ ধান ক্রয়ের আনুষ্ঠানিক সূচনা করেন তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন রূপক সরকার।

*************************

**National level Craft Mela & Hojagiri Dance Festival :**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আগরতলা শিশু উদ্যানে আজ দুদিন ব্যাপী জাতীয়স্তরে ঐতিহ্যবাহী কারুশিল্প মেলা ও হজাগিরি নৃত্য উৎসবের উদ্বোধন করেন। তিনি বলেন, হারিয়ে যাওয়া চিরাচরিত ঐতিহ্যগুলি এখানে প্রদর্শিত হবে। হস্তকারু শিল্পগুলি নতুন প্রজন্মের কাছে তুলে ধরতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। এই উৎসবে হজাগিরি নৃত্য ছাড়াও জনজাতি অংশের বিভিন্ন নৃত্য প্রদর্শিত হবে। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, জনজাতি গবেষণা ও সাংস্কৃতিক কেন্দ্রের অধিকর্তা রত্নজিৎ দেববর্মা প্রমুখ।

*************************

**Courtsey Meet :**

বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য আজ নতুনদিল্লীতে দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীনের সঙ্গে এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে রাজ্যের বর্তমান সাংগঠনিক পরিস্থিতি ও আগামী দিনের কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা হয়।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**PM-Assam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৪ই ফেব্রুয়ারি আসাম সফরে যাবেন এবং বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধন করবেন। আসাম সফরে প্রধানমন্ত্রী ঐতিহাসিক ঘটনা হিসেবে রাজ্যের ডিব্রুগড় জেলার ডিব্রুগড়-মোরান অংশের চাবুয়ায় উত্তর-পূর্বের প্রথম হাইওয়ে-ভিত্তিক জরুরি অবতরণ স্থলে অবতরণ এবং সেখান থেকেই উড়ানের সূচি রয়েছে। সরকারিভাবে জানানো হয়েছে, প্রধানমন্ত্রী প্রথমে চাবুয়া বিমান ঘাঁটিতে পৌঁছাবেন এবং তারপরে মোরানে যাবেন, যেখানে তিনি বিশেষভাবে উন্নত হাইওয়ে এয়ারস্ট্রিপে অবতরণ করবেন। প্রধানমন্ত্রী গুয়াহাটি এবং উত্তর গুয়াহাটিকে সংযুক্তকারী ব্রহ্মপুত্রের উপর নবনির্মিত কুমার ভাস্করবর্মণ সেতুর উদ্বোধন করবেন, এরপর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট, গুয়াহাটির অস্থায়ী ক্যাম্পাস উদ্বোধন করবেন এবং রাজ্যকে ১০০টি কেন্দ্র-অর্থায়িত বৈদ্যুতিক বাস হস্তান্তর করবেন। প্রধানমন্ত্রী আমিনগাঁওয়ে হাইপারস্কেল ডেটা সেন্টারও চালু

করবেন। গুয়াহাটিতে বিজেপি দলীয় নেতাদের একটি সভায় ভাষণ দেওয়ারও কথা রয়েছে প্রধানমন্ত্রীর।

***************************

**Package Story-Handloom & Handicrafts :**

খোয়াই মহকুমার গৌরনগর গ্রামে আজ তাঁতের শব্দেই বাজছে আত্মনির্ভরতার সুর। রাজ্য সরকারের হস্ততাঁত ও হস্তশিল্প দপ্তরের সহায়তায় স্বনির্ভর হয়ে উঠছেন এলাকার বেশ কয়েকজন মহিলা তাঁত শিল্পী। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#######

***************************

**Gen. Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় আসামের কোকড়াঝাড় জেলার গ্লোবাল F.C দল জয়লাভ করেছে। নির্ধারিত সময় এবং অতিরিক্ত সময়েও গোলশূন্য থাকায় পেনাল্টি শুটআউটে চার-তিন গোলের ব্যবধানে কোকড়াঝাড়ের গ্লোবাল F.C দল পশ্চিমবঙ্গের দার্জিলিং জেলার জিওজিয়েন F.C দলকে পরাজিত করে।

*************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**********************